



স্মারক নং- রামপ/একা/ফরম পূরণ-নোটিশ/২০১৬/২৫৮

তারিখ : ১৯ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয় : ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব সমাপনী পরীক্ষা-২০২১ ফরম পূরণ এর সময় বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.১৮২ তারিখ- ১৯ জুলাই, ২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র ইনস্টিটিউটের সকল টেকনোলজির উভয় শিফটের সকল ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সংশ্লিষ্ট প্রবিধানভুক্ত শিক্ষার্থীদের ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত ৪র্থ, ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আগামী ২২ আগস্ট, ২০২২খ্রিঃ রোজ সোমবার হতে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে যথাসময়ে অবহিত করা হবে। উল্লেখিত পরীক্ষার পরীক্ষার্থীদেরকে নিম্নোক্ত ছক অনুযায়ী রূপালী ব্যাংক লিমিটেড এর মাধ্যমে ফি প্রদান পূর্বক তালিকা ভুক্তির জন্য নির্দেশ প্রদান করা হলো।

পরীক্ষার নাম	পুনঃ নির্ধারিত ফি প্রদানের তারিখ ও সময়	মন্তব্য
১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত ও ৮ম (অনিয়মিত)	আগামী ২৪ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ রাত্র ১১.৫৯ মিনিট পর্যন্ত	

শিওর ক্যাশ এর মাধ্যমে ফি প্রদান এর নিয়ম :

SEMESTER	ID No	Payment Code
1 st , 3 rd , 5 th , 7 th & 8 th (Irre)	Board Roll	RMPI

উল্লেখিত তারিখের মধ্যে তালিকাভুক্ত করনে ব্যর্থ ছাত্রীদের ৩০০/- (তিনশত) টাকা বিলম্ব ফি প্রদান পূর্বক আগামী ২৬/০৭/২০২২ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ১২.০০ঘটিকার মধ্যে ১ম, ৩য়, ৫ম, ৭ম ও ৮ম (অনিয়মিত) পর্বের ছাত্রীদের তালিকা ভুক্ত করা যাবে।

ছাত্রীদের আরও জানানো যাচ্ছে যে, তালিকাভুক্তি হওয়ার পূর্বে ইনস্টিটিউটের যাবতীয় পাওনা যেমন- টিউশন ফি, ছাত্রীনিবাস ও অন্যান্য পাওনাদি পরিশোধ পূর্বক রসিদ সমূহের এক কপি (প্রয়োজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/রেজিস্ট্রারের নিকট জমা দিতে হবে।

নির্ধারিত তারিখের মধ্যে তালিকাভুক্ত হতে ব্যর্থ হলে এ জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না, উহার জন্য সংশ্লিষ্ট ছাত্রী দায়ী থাকবে। এজন্য সকল ছাত্রীকে নির্ধারিত তারিখের পূর্বেই ফরম পূরণের জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

(মোঃ ওমর ফারুক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

ফোন- ০২৪৭-৮৬০০৪৪

তারিখ : ১৯ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ।

স্মারক নং- রামপ/একা/ফরম পূরণ-নোটিশ/২০১৬/২৫৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। একাডেমিক ইনচার্জ, অত্র ইনস্টিটিউট।

০২। বিভাগীয় প্রধান- সকল, অত্র ইনস্টিটিউট।

০৩। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কে.এন.আই রোড শাখা, রাজশাহী। (ওয়ালেট থেকে প্রতিদিনের কালেকশন অত্র প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব STD- ৩৫২৫০২৪০০০০৩৪ নম্বরে স্থানান্তরের অনুরোধসহ)

০৪। প্রিন্সিপাল অফিসার, মোবাইল ব্যাংকিং ডিভিশন, রূপালী ব্যাংক লিমিটেড, ঢাকা। (বর্ধিত সময় অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০৫। ফোকাল পারসন- অত্র ইনস্টিটিউট। (বিজ্ঞপ্তি অত্র প্রতিষ্ঠানের ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)

০৬। শাখা প্রধান- ক্যাশিয়ার, অত্র ইনস্টিটিউট।

০৭। নোটিশ বোর্ড- সাধারণ/ছাত্রী নিবাস, অত্র ইনস্টিটিউট।

০৮। নথি।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট